যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৩

# ছাত্রলীগ সারাদেশে আজ ছাত্র ধর্মঘট ডেকেছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

গ্রেফতারকৃত নেতাকর্মীদের মুক্তির দাবিতে ছাত্রলীগ আজ শিক্ষা প্রতিষ্ঠানে দেশব্যাপী ছাত্র ধর্মঘট ডেকেছে। ধর্মঘট কর্মসূচি সফল করার আহ্বান জানিয়ে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে

ছাত্র : পৃষ্ঠা : ২ কলাম : ৬

## ছাত্র : ধর্মঘট

(৩য় পৃষ্ঠার পর)

বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

ক্যাম্পাসে মিছিল শেষে কলাভবন গেটে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বেগ শাহিন জাহান। বক্তব্য রাখেন কেন্দ্রীয় সহ-সভাপতি সুজিত রায় নন্দী, আবদুল ওয়াদুদ খোকন, খান মাইনুল হোসেন মোস্তাক, মিরাজ হোসেন, দেলোয়ার হোসেন প্রমুখ। নেতৃবৃন্দ অবিলম্বে গ্রেফতারকৃত নেতাকর্মীদের মুক্তির দাবি জানিয়ে বলেন, তা না হলে দেশব্যাপী দুর্বার আন্দোলন গড়ে তোলা হবে।

গত ২৬ ফেব্রুয়ারি ধানমণ্ডির সুধা সদনে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার সঙ্গে ঈদ শুভেচ্ছা বিনিময়ের পর ফেরার পথে ছাত্রলীগের কেন্দ্রীয় নয়জন নেতাকে পুলিশ গ্রেফতার করে।